

চাকরি বিধ

(১-এর পর পর)

করেন।
ধর্মঘটী শিক্ষকদের উদ্দেশ্যে প্রধান-মন্ত্রী বলেন, বেসামরিক বিমান চলা-চল ও পবর্তনমণ্ডী কাজী আনোয়ারুল হকের নেতৃত্বে গঠিত একটি কমিটি বর্তমানে বেসরকারী কলেজ, স্কুল ও মাদ্রাসার শিক্ষকদের জন্যে সমীচরণ ও যুক্তিসঙ্গত একটি যেতনমালা প্রণয়নের সুপারিশ পরীক্ষা করে দেখছেন। শীগগীরই উঃ চূড়ান্ত করা হবে।

তিনি বলেন, সরকারী কলেজ শিক্ষকদের বেতন উল্লেখযোগ্য ভাবে বেড়েছে। বেসরকারী কলেজ, স্কুল ও মাদ্রাসা শিক্ষকদের সরকারী অনুদানও ১৯৭৬ সালের ১০ কোটি টকা থেকে বাড়িয়ে বর্তমানে ৩২ কোটি টকায় বৃদ্ধি করা হয়েছে।

এছাড়া স্কুল, কলেজ ও মাদ্রাসার উন্নয়ন খাতেও সরকার উদরভাবে অর্থ বরাদ্দ করছেন।

প্রধানমন্ত্রী বলেন, কদরত-ই-বুদ শিক্ষা কমিশন রিপোর্ট ও পর্যায়ক্রমে বাস্তবায়িত করা হচ্ছে। একটি অন্তর্বর্তীকালীন শিক্ষানীতি শীগগীরই ঘোষণা করা হবে বলে তিনি জানান।

তিনি বলেন, সরকার দেশের এক লাখ ৬০ হাজার প্রথমিক শিক্ষক, ১০ হাজার মধ্যমিক শিক্ষক, ১২ হাজার কলেজ শিক্ষক এবং ২৫ হাজার মাদ্রাসা শিক্ষকর জীবনযাত্রার যত্ন উন্নয়নেও সম্ভব সব পদক্ষেপ গ্রহণ করেছেন।

প্রধানমন্ত্রী দেশব্যাপী ছাত্র-ছাত্রীদের বার্ষিক পরীক্ষার এই সময়টিতে ধর্মঘট হতে বিরত থাকার আহ্বান জানিয়েছেন।

অবস্থান ধর্মঘটী শিক্ষকদের পক্ষ থেকে এর আগে বাংলাদেশ শিক্ষক সমিতির (কমরুজ্জামান) সভাপতি জনাব কামরুজ্জামানের নেতৃত্বে ২৫ সদস্যের একটি শিক্ষক প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সংগে তাঁর অফিস সাক্ষাৎ করেন। বিস্তারিত আলোচনা-আলোচনার পর প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কাছে তাঁদের দাবী-দওয়া সংক্রান্ত একটি স্মারকলিপি পেশ করেন। পরে প্রধানমন্ত্রী প্রতিনিধিদলের সংগে এসে অবস্থান ধর্মঘটী শিক্ষকদের উদ্দেশ্যে বক্তৃতা করেন।

**বেসরকারী শিক্ষকদের
অবস্থান ধর্মঘট**

**শীঘ্রই চাকরি
বিধ প্রকাশ করা
হবে: প্রধানমন্ত্রী**

(স্ট্রিফ রিপোর্টের)

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেছেন, বেসরকারী শিক্ষকদের চাকরিবিধ চূড়ান্ত করা হয়েছে। শীগগীরই তা প্রকাশিত হবে।

শনিবার বাংলাদেশ সচিবালয়ের দ্বিতীয় মেটে প্রধানমন্ত্রী অবস্থান ধর্মঘটী বেসরকারী শিক্ষকদের উদ্দেশ্যে বক্তৃতা করছিলেন। বেসরকারী শিক্ষকদের জন্যে চাকরিবিধ প্রণয়ন, জাতীয় বেতন স্কেল প্রবর্তন, শিক্ষা সংক্রান্ত বিভিন্ন কমিটিতে বেসরকারী শিক্ষক প্রতিনিধি গ্রহণ ইত্যাদির দাবীতে শিক্ষকরা গতকাল এই অবস্থান ধর্মঘট পালন করেন। সকাল ১০টা থেকে দুপুরে ১২টা পর্যন্ত এই ধর্মঘট চলে। শিক্ষকদের অবস্থান ধর্মঘট চলকালীন এই সময়ে তে পখন রোডে ট্রাফিক চলছিল বন্ধ ছিল। তিন খাতধিক বেসরকারী শিক্ষক এই ধর্মঘটে যোগদান করেন।

এর আগে তাঁর বয়তুল মেস-রুম প্রাঙ্গণ এক জমিয়েতে মিলিত হয়। জমিয়েতে শেষে মিছিল করে তাঁর সচিবালয়ের দ্বিতীয় মেটে ধর্মঘটের অবস্থান ধর্মঘটে যোগদান (সেব পৃঃ ৭-এর কঃ পরঃ)



সচিবালয়ের সম্মানে বেসরকারী শিক্ষকদের অবস্থান ধর্মঘট। ধর্মঘটের এক পর্যায়ে প্রধানমন্ত্রী শাহ আজিজ তাঁদের উদ্দেশ্যে ভাষণ দেন।